

প্রথম আলো

তারিখ 22 APR 2009  
পৃষ্ঠা ৩ কলাম ৫

**খুলনা নার্সিং ইনস্টিটিউট**  
**ইন্সট্রাক্টরের বাধ্যতামূলক ছুটি**  
**১৫০ ছাত্রীর বিরুদ্ধে জিডি**

নিম্ন প্রতিক্রিয়ায় খুলনা ০.

খুলনা নার্সিং ইনস্টিটিউটের ছাত্রছাত্রীদের মাঝির মুখে ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর ইনচার্জ (পরিদর্শক) মর্জিনা খাতুনকে বাধ্যতামূলক ছুটি দিয়েছে কর্তৃপক্ষ। গত নোব্বার থেকে তার ছুটি কার্যকর হয়েছে।

এদিকে নার্সিং ইনস্টিটিউটের হোস্টেল ত্যাগ করা ছাত্রীদের ২৬ এপ্রিলের মধ্যে ফিরে আনার সময়সীমা বেধে দিয়েছে কর্তৃপক্ষ। এ সময়ের মধ্যে তারা ফিরে না এলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। কর্তৃপক্ষ ১৫০ ছাত্রীর বিরুদ্ধে রানায় সাধারণ ভায়েরি (জিডি) করেছে।

খুলনা নার্সিং ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত ইনচার্জ অরিকা আক্তার জানান, খুলনা নার্সিং ইনস্টিটিউটের বিভিন্ন বর্ষের ১৫০ ছাত্রী আন্দোলনের নামে বেরিয়ে গেছে। তারা এখনো ফিরে আসেনি। এ ঘটনা ইনস্টিটিউটের আচরণবিধি লঙ্ঘনের শাসিল। যে কারণে গত নোব্বার রাতে পোমারডাঙ্গা রানায় জিডি করা হয়েছে। ২৬ এপ্রিলের মধ্যে তারা ফিরে না এলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

খুলনা সিভিল সার্জন লুৎফর রহমান জানান, নার্সিং ইনস্টিটিউটের ছাত্রছাত্রীদের মাঝির মুখে মর্জিনা খাতুনকে বাধ্যতামূলক ছুটি দেওয়া হয়েছে। ঘটনা তদন্ত পাঁচ সদস্যবিশিষ্ট কমিটি হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর দেশীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।